আজকের কাগজ

তারিখ ... 13 DEC 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫...

06

# ছাতকের রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দু'জন শিক্ষক কর্মরত

সুনামগঞ্জ জেলার ছাতক থানার রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দু'জন প্রধান শিক্ষক কর্মরত আছেন। জানা গেছে, গত ৫ অক্টোবর '৯৪-এ সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় থেকে এমএ ছাত্তারকে রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলীর নির্দেশ দেয়া হয়। তিনি জোয়াশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত ছিলেন। এদিকে রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাবুদ্দিনকে জোয়াশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলীর নির্দেশ দেয়া হয়। কিন্তু সরকারি নির্দেশ মোতাবেক প্রধান শিক্ষক এম এ ছাত্তার বদলীস্থল রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করার পর গোলমাল দেখা দেয়। সেখানকার প্রধান শিক্ষক শাহাবুদ্দিন সরকারি নির্দেশ অমান্য করে রামপুর বিদ্যালয়েই শিক্ষকতা করছেন। ফলে বর্তমানে দু'জন প্রধান শিক্ষকই রামপুর প্রাথমিক বিদ্যালয়ে দায়িত্ব পালন করছেন এবং তারা যথারীতি বেতনও পাচ্ছেন। বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকরা কোন প্রধান শিক্ষকের আদেশ মান্য করবেন এ নিয়ে তারা এক বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হয়েছেন। এ ঘটনায় এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সুনামগঞ্জ থেকে আবেদ মাহমুদ চৌধুরী।

SHEET — OF — SHEETS